

দৈনিক
ইলকিলাব

তারিখ 20 SEP 2007 ...
পৃষ্ঠা ৪২ কলাম ৫

৩৭
১৪/৯/০৭

**দেশের ১৪টি সরকারী মেডিকেল
কলেজে এমবিবিএস ভর্তি
পরীক্ষার ফরম বিক্রি শুরু**

স্টাফ রিপোর্টার : দেশের ১৪টি সরকারী মেডিকেল কলেজে এমবিবিএস কোর্সে ভর্তি পরীক্ষার ফরম বিক্রি গতকাল (বুধবার) শুরু হয়েছে। এসব ফরম ৯ অক্টোবরের মধ্যে জমা দেয়া যাবে। এ বছর মেডিকেল কলেজগুলোতে চাপ কমাতে প্রত্যেক কলেজ থেকে ৪ হাজার ফরম বিতরণ করা হবে। ঢাকা মেডিকেল কলেজের প্রিন্সিপাল প্রফেসর ডাঃ এন এ ফায়েজ জানান, প্রথম দিনেই ঢাকা মেডিকেল কলেজের ৩ হাজার ভর্তি ফরম বিক্রি হয়েছে। সলিমুল্লাহ মেডিকেল কলেজে ভর্তি ফরম সংগ্রহের ভিড় ছিল যথেষ্ট।